

🗏 আল-ইনসান (আদ-দাহর) | Al-Insan | ٱلْإِنْسَان

আয়াতঃ ৭৬: ২১

💵 আরবি মূল আয়াত:

তাদের উপর থাকবে সবুজ ও মিহি রেশমের পোশাক এবং মোটা রেশমের পোশাক, আর তাদেরকে পরিধান করানো হবে রূপার চুড়ি এবং তাদের রব তাদেরকে পান করাবেন পবিত্র পানীয়। — আল-বায়ান

তাদের আবরণ হবে চিকন সবুজ রেশম ও মোটা রেশম, আর তাদেরকে অলংকারে সজ্জিত করা হবে রুপার কঙ্কণ দ্বারা, আর তাদের রবব তাদেরকে পান করাবেন পবিত্র পরিচ্ছন্ন পানীয়। — তাইসিরুল

তাদের আবরণ হবে সৃক্ষ্ণ সবুজ রেশম ও স্থুল রেশম; তারা অলংকৃত হবে রৌপ্য নির্মিত কংকনে, আর তাদের রাব্ব তাদেরকে পান করাবেন বিশুদ্ধ পানীয়। — মুজিবুর রহমান

Upon the inhabitants will be green garments of fine silk and brocade. And they will be adorned with bracelets of silver, and their Lord will give them a purifying drink. — Sahih International

- ২১. তাদের আবরণ হবে সূক্ষ সবুজ রেশম ও স্থূল রেশম, আর তারা অলংকৃত হবে রৌপ্য নির্মিত কংকনে(১), আর তাদের রব তাদেরকে পান করাবেন পবিত্র পানীয়।
 - (১) আয়াতে ব্যবহৃত الساور শব্দটি الساور বহুবচন অর্থ কংকন যা হাতে পরিধান করার অলংকারবিশেষ। এই আয়াতে রূপার কংকন এবং অন্য কয়েক আয়াতে স্বর্ণের কংকন উল্লেখ করা হয়েছে [যেমন: সূরা আল-কাহফ: ৩১, আল-হাজ্জ: ২৩, ফাতির: ৩৩] উভয়ের মধ্যে বিরোধ নেই। কেননা কোন সময় রূপার এবং কোন সময় স্বর্ণের কংকন ব্যবহৃত হতে পারে। অথবা মনমতো কেউ রূপার এবং কেউ স্বর্ণের ব্যবহার করতে পারে। [ফাতহুল কাদীর]

তাফসীরে জাকারিয়া

(২১) তাদের দেহে হবে মিহি সবুজ এবং মোটা রেশমী কাপড়, [1] তারা অলঙ্কৃত হবে রৌপ্য-নির্মিত কঙ্কনে,[2] আর তাদের প্রতিপালক তাদেরকে পান করাবেন বিশুদ্ধ পানীয়।



- [1] سُتُنْدُسٍ পাতলা বা মিহি রেশমী পোশাক। আর إِسْتَبْرَقٍ মোটা রেশমী পোশাক।
- [2] যেমন এক কালে বাদশাহ, সরদার এবং উচ্চমানের লোকেরা অলঙ্কার ব্যবহার করত।

তাফসীরে আহসানুল বায়ান

• Source — https://www.hadithbd.com/quran/link/?id=5612

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন